

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫৮

১/ বিবিধ

আরবী

ثلاثة لا ترد دعوتهم: الصائم حتى يفطر، والإمام العادل، ودعوة المظلوم يرفعها الله فوق الغمام، ويفتح لها أبواب السماء، ويقول رب: وعزتي لأنصرنك ولو بعد حين

ضعيف

أخرجه الترمذى (2/280) وأبن ماجه (1752) وأبن خزيمة (1901) وأبن حبان
(2407 و 408) وأحمد (2/304) - 305 و 445 و 477 من طريق سعد أبي مجاهد

عن

أبى مدللة عن أبى هريرة به. وقال الترمذى
حدث حسن، وأبوا مدللة هو مولى أم المؤمنين عائشة، وإنما نعرفه بهذا الحديث
قلت: إذا كان كذلك فالقواعد تقتضي أنه رجل مجهول، وذلك ما صرخ به بعض
الأئمة، فقال ابن المدينى: لا يعرف اسمه، مجهول، لم يرو عنه غير أبى مجاهد
قلت: فمثلك لا يحسن حدیثه، ولا سيما أنه مخالف لحدیث آخر عن أبى هريرة خرجته
في "الصیحۃ" (596)؛ ولذلك فما أحسن الغماری بایراده إیاہ فی "کنڑہ" (1545)
(تنبیه) : أبوا مدللة هو مولى عائشة كما سبق عن الترمذى، وكذلك هو في "الجرح
والتعديل" (4/2/444) و"التهذیب" وغيرهما، وشذ ابن خزيمة فقال
"وهو مولى أبى هريرة"! (وانظر صحيح ابن ماجه / كتاب الصيام" بقلمي
وهو وشیک الصدور

১৩৫৮। তিনি ব্যক্তির দু'আ প্রত্যাখ্যাত হয় না : সায়েম (সওম পালনকারী) যে পর্যন্ত ইফতার না করে, ন্যায়পরায়ণ ইমাম (নেতা/শাসক) এবং অত্যাচারিত ব্যক্তির দু'আ যাকে আল্লাহ্ মেঘের উপরে উঠিয়ে নেন। এ দু'আগুলোর জন্য আসমানের দরজাগুলো খুলে দেয়া হয় আর রক্বুল আলামীন বলেনছ আমার ইয়াতের শপথ আমি তোমাকে অবশ্যই সাহায্য করব, কিছু পরে হলেও।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিয়ী (২/২৮০), ইবনু মাজাহ (১৭৫২), ইবনু খুয়ায়মাহ (১৯০১), ইবনু হিবান (২৪০৭, ২৪০৮) ও আহমাদ (২/৩০৪, ৪৪৫, ৪৭৭) সাদ আবী মুজাহিদ সূত্রে আবু মুদিল্লাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিয়ী বলেনঃ এ হাদীসটি হাসান। আবু মুদিল্লাহ হচ্ছে আয়েশা (রাঃ)-এর দাস। তাকে আমরা এ হাদীসের দ্বারাই চিনি।

আমি (আলবানী) বলছিঃ যদি এরূপই হয় তাহলে আবু মুদিল্লাহ একজন অপরিচিত (মাজহুল) ব্যক্তি। যেমনটি কোন কোন ইমাম তা স্পষ্টভাবেই বলেছেন। ইবনুল মাদীনী বলেনঃ তার নাম জানা যায় না, তিনি মাজহুল (অপরিচিত), আবু মুজাহিদ ছাড়া অন্য কেউ তার থেকে বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ (যার নাম জানা যায় না) তার মত ব্যক্তির হাদীসকে হাসান আখ্যা দেয়া যায় না। এছাড়া হাদীসটি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত অপর একটি সহীহ হাদীস বিরোধী হওয়ায় হাদীসটির হাসান না হওয়াকে আরো শক্তিশালী করছে। সেটি আমি "সিলসিলাহ সহীহাহ" গ্রন্থে (৫৯৬) উল্লেখ করেছি।

হাদীসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72237>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন